প্রতিদিন অন্তঃত একবার
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল
ওপেন করুন


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (টেক্সটাইল)
আগারগাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭
ডবন ংরঃব : ꟷ.নঃবন.মড়া. নফ


স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০১.১৮-৯৪ তারিখ ঃ ০৪-১১-২০১৮খ্রিঃ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালচার (২০১১ প্রবিধান) ও ডিপ্লোমা ইন ফিসারীজ (২০১১ প্রবিধান) শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত/অনিয়মিত এবং ডিপ্লোমা ইন লাইভস্টক (২০১৬ প্রবিধান) শিক্ষাক্রমের ১ম, ৩য় ও ৫ম পর্ব নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষা-২০১৮ আগামী ২৩ ডিসেম্বর ২০১৮খ্রিঃ রোজ রোববার হতে সরকারি প্রতিষ্ঠানসমূহ নিজ নিজ কেন্দ্রে অন্যান্য সকল প্রতিষ্ঠানে নির্বাচিত ভেন্যু কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রতিষ্ঠানভিত্তিক (Printout Copy) বোর্ডের Website-এ পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফিস জমাদান পূর্বক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম ফিলাপের তারিখ, সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদ্‌সঙ্গে দেয়া হল । উক্ত তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে **www.bteb.gov.bd** পাওয়া যাবে। পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথারীতি কারিগরি শিক্ষা বোর্ডের Website এ- প্রকাশ করা হবে ।

বিঃদ্রঃ **(ক) অন-লাইনে ফরম ফিলাপ এর ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্টে থাকা সকল শিক্ষার্থীদের পরীক্ষার সকল ফিস প্রদান করতে হবে ।**
**(খ) এক জন পরীক্ষার্থীর মূল পর্বে ০১টি (এক) মাত্র হাজিরা সিট ব্যবহার করতে হবে। একই হাজিরা সিটের মধ্যে তাত্ত্বিক ও ব্যবহারিক নিয়মিত ও পরিপূরক সকল বিষয়ের হাজিরা নিতে হবে প্রয়োজনে অপর পৃষ্ঠা ব্যবহার করা যেতে পারে। প্রয়োজনে হাজিরা সিটের ফটোকপি কেন্দ্রে/প্রতিষ্ঠানে রাখতে হবে। পরিপূরক বিষয় পরীক্ষার জন্য আলাদা হাজিরা সিট ব্যবহার করার প্রয়োজন নেই।**

অত্র বোর্ডের কারিকুলাম শাখা হতে জারিকৃত (ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ডিপ্লোমা-ইন-ফিসারীজ) শিক্ষা বর্ষপঞ্জি ২০১৮-২০১৯ এর আলোকে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো ।

### ১. পরীক্ষার্থীর বিবরণ ঃ

১.১. ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব **শিক্ষার্থী** নিয়মিত/অনিয়মিত পুনঃ ভর্তি স্মারকপত্রের আলোকে ছাত্র/ছাত্রী ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারীজ ২০১১ প্রবিধান এবং ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানের আলোকে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে ।

১.২ ৫ম ও ৭ম পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল **শিক্ষার্থী** তিনের অধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল **শিক্ষার্থী** রেফার্ড/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে ।

১.৩ যে সকল **শিক্ষার্থী** ২০১৮ সনে ৪র্থ, ৬ষ্ঠ পর্ব ও ৭ম পর্ব ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে শুধু মাত্র ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল **শিক্ষার্থী** ২০১৮-১৯ সনে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ডিপ্লোমা- ইন-ফিসারীজ পরীক্ষার অবশ্যই ফরম ফিলাপ করে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করে যদি উত্তীর্ণ হয় তবে নম্বর অনলাইনে প্রেরণ করে হার্ড কপি অন্যান্য নিয়মিত পর্বে সাথে **সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) ৬ষ্ঠ তলা, বরাবর** জমা দিতে হবে) ।

১.৪ যে সকল পরীক্ষার্থী ২০১৮ সনে বা তার পূর্বে ৩য়, ৫ম ও ৭ম পর্ব বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে/ পুনঃ ভর্তি হয়ে এরূপ পরীক্ষার্থী ৩০০/- টাকা সংযোগ রক্ষাকারী ফি, পরীক্ষার- ফি এর সাথে জমা দিতে হবে।

১.৫ ২০০৯ সনের পূর্বে রেজিঃকৃত মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনুমতি গ্রহণের আবেদনের সাথে পূর্বের সকল প্রবশেপত্র ও পুনঃ ভর্তি কপি সংযুক্ত করতে হবে।

১.৬ বহিঃস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিংবা কেবলমাত্র ২০১৮ সালের পরীক্ষা বাতিল হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮-১৯ সালে সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ফরম ফিলাপের ছক (ছক-১)

| বিভাগ | অন-লাইনে ফরম ফিলাপ এর তারিখ | স্ব-স্ব প্রতিষ্ঠানের বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ৩০০/- টাকা হারে বিলম্ব ফি-সহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউটের হার্ড কপি ও ডিডি জমা দেয়ার শেষ তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- জরিমানা সহ ব্যাংক ড্রাফট জমা দানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সকল বিভাগ | ০৮/১১/২০১৮ খ্রিঃ হতে ১৫/১১/২০১৮ খ্রিঃ পর্যন্ত | ১৮/১১/২০১৮ খ্রিঃ পর্যন্ত | ২০/১১/২০১৮ খ্রিঃ পর্যন্ত | ২৭/১১/২০১৮ খ্রিঃ রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগ<br>২৮/১১/১৮ খ্রিঃ হতে ২৯/১১/১৮ খ্রিঃ পর্যন্ত অন্যান্য সকল বিভাগ | ০৩/১২/২০১৮ খ্রিঃ (পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে) |

খ) **পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হার (নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) (ছক-২)**

| ক্রঃ নং | বিবরণ | পরীক্ষার ফি | নম্বর পত্র ফি | সনদ পত্র ফি | কেন্দ্র ফি | ইন্সটিটিউটের অংশ | বোর্ডের মোট অংশ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক | ১ম পর্ব নিয়মিত(প্রতিষ্ঠান মূল্যায়ন করবে) | ২২৫/- | ৫০/- | - | ৪৫০/- | ৫০০/- | ২২৫/- |
| | ৩য় পর্ব নিয়মিত/অনিয়মিত (প্রতিষ্ঠান মূল্যায়ন করবে) | ২২৫/- | ৫০/- | - | ৪৫০/- | ৫০০/- | ২২৫/- |
| খ | ৫ম পর্ব নিয়মিত (তিন বিষয়ের অধিক অনিয়মিত) | ৪০০/- | ৭৫/- | - | ৪৫০/- | ৪৫০/- | ৪৭৫/- |
| | ৪র্থ পর্বের অনিয়মিত বিষয় ×১০০/- হারে | ১০০/- | ৭৫/- | | - | - | ১৭৫/- |
| গ | ৭ম পর্ব নিয়মিত/অনিয়মিত (তিন বিষয়ের অধিক) | ৪০০/- | ৭৫/- | - | ৪৫০/- | ৪৫০/- | ৪৭৫/- |
| | ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের বিষয় ১০০/- হারে | বিষয় ×১০০/- | প্রতি পর্ব ৭৫/- | - | - | - | কলাম ৩+৪ |
| ঘ | ৫ম , ৭ম ও ৮ম পর্বে তিনের অধিক বিষয়ে রেফার্ড / ড্রপআউট পরীক্ষার্থীদের ফি | ৪০০/- | ৭৫/- | - | - | - | ৪৭৫/- |
| | ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের অনিঃ পরিপূরক/ রেফার্ড পরীক্ষার্থীদের প্রতি পর্বে কেন্দ্র ফি ২০০/-হারে | - | - | - | প্রতি পর্ব ২০০/- | | - |
| ঙ | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পর্বের প্রতি বিষয় (যদি থাকে) | ২৫/- | - | - | - | ২৫/- | - |
| চ | বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের (যদি থাকে) | | | | | | ৩০০/- |
| ছ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথা সময়ে জমা দিতে বিলম্ব হলে প্রতিষ্ঠানের জরিমানা | | | | | | ২৫০০/- |

২. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের ফি সমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতি ঃ

২.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি এর সমূদয় টাকা প্রতি পরীক্ষার্থীর নিকট হতে আদায়করতঃ মোট টাকার ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ছকে বর্ণিত নির্ধারিত তারিখে করতে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সঃ শাখা (৬ষ্ঠতলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফটি অবশ্যই সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে। (৬ নং পৃষ্ঠা অনুরূপ)

২.২ পরীক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত সমূদয় টাকার হিসাব (বোর্ডের প্রাপ্য অংশ) বোর্ড কর্তৃক প্রদত্ত "হিসাব বিবরণী “ছক" অনুযায়ী পূরণ করে ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় ৬ষ্ঠ তলা কৃষি/টেক্সটাইল শাখার হিসাবের পর ব্যাংকে জমা দিতে হবে এবং হিসাব শাখায় ক্রমিক নম্বর প্রদানের পর ৬ষ্ঠ তলা কৃষি/টেক্সটাইল শাখায় জমা দিতে হবে।

২.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অধীন **ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ** এবং **ডিপ্লোমা ইন** লাইভস্টক শিক্ষাক্রমের পরীক্ষার ফরম ফিলাপ সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির মাধ্যমে অবশ্যই সম্পাদন করতে হবে। অন্য প্রতিষ্ঠানের শিক্ষক/ অন্য শাখার শিক্ষক/প্রতিনিধি দ্বারা পরীক্ষা সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না।

৩. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অবশিষ্ট অর্থ (যাহা কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয় হইবে) ব্যয়ের বিবরণ ঃ

৩.১ কেন্দ্র ফি, ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) সপ্তাহ পূর্বে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে পরিশোধ না করলে এই মর্মে কেন্দ্র হতে কোন অভিযোগ পাওয়া গেলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফল স্থগিত থাকবে।

৩.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মচারী ও কর্মকর্তাদের পারিশ্রমিক হিসেবে পরীক্ষা সমাপ্তির পর পরেই পরিশোধের ব্যবস্থা করতে হবে এবং এ সংক্রান্ত ব্যয়ের হিসাবের এক কপি বোর্ডে প্রেরণ করতে হবে।

৩.৩ ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর আভ্যন্তরিণ/অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষকগণ পারিশ্রমিক বোর্ডের নিয়ম অনুযায়ী প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কাঁচামাল ক্রয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার করা যেতে পারে।

৩.৪ অন-লাইনে ফরম ফিলাপের তারিখ, ব্যাংক ড্রাফট করার তারিখ, প্রিন্ট-আউটের হার্ড কপি **(Final List)** ও ব্যাংক ড্রাফ্ট বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্নোক্ত “ছক-১” মোতাবেক সম্পন্ন করতে হবে।

৪.১ উপরোক্ত ছকে বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনের মাধ্যমে স্ব -স্ব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের ফরম ফিলাপ করতে হবে। এবং নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইন হতে ফরম ফিলাপের ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্ট করেতে হবে। নির্ধারিত তারিখের (১৫/১১/২০১৮খ্রিঃ) মধ্যে অন-লাইন হতে ফরম ফিলাপের ফাইনাল লিষ্ট (হার্ড কপি) প্রিন্ট করতে ব্যর্থ হলে প্রতি ছাত্র-ছাত্রীদের জন্য ৩০০/- হারে বিলম্ব ফি প্রদান করতে হবে । পূর্বের ন্যায় বোর্ড হতে কোন প্রিন্ট-আউট সরবরাহ করা হবে না।

৪.২ ১ নং ছকে ০৩ নং কলমে বর্ণিত তারিখের (১৮/১১/১৮) মধ্যে সকল প্রতিষ্ঠানকে ফরম ফিলাপ সংক্রান্ত ফি এর বোর্ডের অংশের সমুদয় টাকার ব্যাংক ড্রাফ্ট করতে হবে।

৪.৩ প্রতি পরীক্ষার্থী ৩০০/- টাকা বিলম্ব ফি সহ ২০/১১/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত অন-লাইনে ফরম ফিলাপ করা যাবে এবং উক্ত তারিখের মধ্যে বিলম্ব ফি-সহ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট করতে হবে।

৪.৪ ০১ ছকে এর ৫নং কলামে বর্ণিত তারিখের (২৯/১১/২০১৮ খ্রিঃ) মধ্যে ব্যাংক ড্রাফট্ ও অন্যান্য কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানাসহ ০৩/১২/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে জমা দেয়া যাবে।

৫. তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর প্রেরণ ঃ

২০১৮ সনে অনুষ্ঠিতব্য **ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ** বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অন-লাইনের মাধ্যমে নিম্নোক্ত "ছক -৩" বর্ণিত তারিখ অনুযায়ী পাঠাতে হবে । নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ TC ও PC নম্বর পত্র পাঠাতে ব্যর্থ হলে প্রবেশ পত্র দেওয়া হবে না।

### ধারাবাহিকের ও ব্যবহারিক নম্বর ৫ম পর্ব, ৬ষ্ঠ ও ৭ম পর্ব প্রেরণের ছক (ছক-৩)

| ক্রঃ নং | বিভাগ/ অঞ্চল | অন-লাইনে **TC ও PC** নম্বর প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সকল বিভাগ | **২০/১১/২০১৮ খ্রিঃ হতে ২৯/১১/২০১৮ খ্রিঃ পর্যন্ত** | **TC ও PC** হার্ড কপি **২৯/১১/২০১৮** খ্রিঃ তারিখ মধ্যে অন-লাইনে-এ দিতে হবে। **TC ও PC** নম্বর নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/-জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে অন-লাইনে দেয়া যাবে। |

### **১ম ও ৩য় পর্বের জিপিএ(GPA)** প্রেরণের ছক (ছক-৪)

| ক্রঃ নং | বিভাগ/ অঞ্চল | অন-লাইনে-এ **GPA** প্রেরণের সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সকল বিভাগ | ১ম ও ৩য় পর্বের পরীক্ষা শেষ হওয়ার ২০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করে অন-লাইনে **GPA** প্রেরণ করতে হবে **৩১/০১/১৯খ্রিঃ হতে ০৫/০২/১৯খ্রিঃ পর্যন্ত** | **GPA** অন-লাইনে প্রেরণ করে **১৪-০২-১৯খ্রিঃ** তারিখের মধ্যে হার্ড কপি বোর্ডে প্রিন্ট করে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি স্বাপেক্ষে জমা দেয়া যাবে। |

### ব্যবহারিক সমাপনী নম্বর ৫ম, ৬ষ্ঠ ও ৭ম/৮ম পর্বের, হাজিরা সিট ও শিরোনাম পত্র প্রেরণের ছক (ছক-৫)

| ক্রঃ নং | বিভাগ/ অঞ্চল | অন-লাইনে-এ **PF** নম্বর প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সকল বিভাগ | ৫ম, ৬ষ্ঠ ও ৭ম/৮ম পর্বের তাত্ত্বিক নিয়মিত/অনিয়মিত পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে অন-লাইনে **PF** প্রেরণ করতে হবে ৩১/০১/১৯ খ্রিঃ হতে ১০/০২/১৯খ্রিঃ পর্যন্ত | **PF** নম্বর অন-লাইনে প্রেরণ করে **১৪-০২-১৯খ্রিঃ** মধ্যে হার্ড কপি প্রিন্ট করে এবং হাজিরা সিট ও শিরোনাম পত্র বাধাই করে (পর্ব ও টেকনোলজি ভিত্তিক) বোর্ডে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে প্রতিষ্ঠানকে ২৫০০/- জরিমানাসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি স্বাপেক্ষে জমা দেয়া যাবে। হাজিরা সিটের ফটোকপি প্রতিষ্ঠানে সংরক্ষন করতে হবে। হাজিরা শীটের সকল কলাম পূরণ করতে হবে। |

৭. সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তার মনোনীত প্রতিনিধি নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষার মালামাল গ্রহণ করবেন। মালামালের চাহিদা ফরমে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর থাকতে হবে। (প্রতিনিধির নাম,পদবী ও নমুনা স্বাক্ষর কেন্দ্র সচিব কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে) ।

### প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহণের ছক (ছক-৬)

| ক্রঃ নং | বিভাগ এর নাম | প্রবেশ পত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | রাজশাহী, রংপুর ও খুলনা | **০৯/১২/২০১৮ খ্রিঃ হতে ১০/১২/২০১৮ খ্রিঃ** | প্রবেশ সংশোধন করার প্রয়োজন থাকলে পরীক্ষা শুরুর তারিখের পূর্বে সম্পন্ন করতে হবে। পরীক্ষা শুরুর পরে কোন প্রবেশ সংশোধন করতে হলে প্রতি প্রবেশ পত্রের জন্য সংশোধন ফি ৫০০/- প্রদান করতে হবে। |
| ২ | অন্যান্য সকল বিভাগ | **১১/১২/২০১৮ খ্রিঃ হতে ১৩/১২/২০১৮ খ্রিঃ পর্যন্ত** | |

৬.১ কেন্দ্র সচিব / শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করবেন। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না ভাল করে যাচাই করতে হবে। প্রবেশ পত্রের ভুলের কারণে যদি কোন পরীক্ষর্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকবে না ।

৬.২ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

## পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় পত্র যোগাযোগ নমুনা মোতাবেক নিম্ন ঠিকানায় প্রেরণ করতে হবে।

| | |
|---|---|
| প্রেরক,<br>প্রতিষ্ঠান/কেন্দ্রের নাম ও ঠিকানা<br>কোড নং | বরাবর, ( সীল হবে)<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল)<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (৬ষ্ঠ তলা)<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ |
| পরীক্ষার প্রশ্নপত্র সংক্রান্ত কোন বিষয়ে জানার জন্য অত্র বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) শাখায় যোগাযোগ করতে হবে ।<br>ফোন নম্বর ঃ ০২ ৮১১৬০৭৪ অথবা ০২ ৯১১৩২৮৩ | |

### ৭ বিশেষ শর্তাবলি ঃ

**৭.১** প্রবিধান অনুসারে পরীক্ষার তাত্ত্বিক ধারাবাহিক, ব্যবহারিক ধারাবাহিক, ব্যবহারিক চূড়ান্ত এবং বাস্তব প্রশিক্ষণের নম্বর অধিকতর সতর্কতার সহিত পর্যালোচনা ও পর্যবেক্ষণ করে (বিশেষ করে পাশ নম্বর, সর্বোচ্চ নম্বর ও ফেল নম্বর, অনুপস্থিত ইত্যাদি বিবেচনা করে ) **On-line** এ নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে সঠিকরূপে প্রেরণ করতে হবে।

**৭.২ ভেন্যু কেন্দ্র ও সকল বিষয়ে যোগাযোগ সংক্রান্ত ঃ**

সরকারী কৃষি/মৎস্য/লাইভস্টক প্রশিক্ষণ ইন্সটিটিউট ব্যতীত সকল বেসরকারী ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ডিপ্লোমা-ইন-ফিসারীজ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের আসন ব্যবস্থা নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠানে না করে জেলা/উপজেলা প্রশাসনের সাথে স্ব -স্ব শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ (কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ) আলোচনা করে নিকটবর্তী যে কোন (বিএম/হাইস্কুল/ভোক:/মাদ্রাসা/কলেজ) শিক্ষা প্রতিষ্ঠানে ভেন্যু/কেন্দ্র নির্বাচন করতঃ তাত্ত্বিক পরীক্ষা গ্রহণ করতে হবে। ***নিজ প্রতিষ্ঠানকে কেন্দ্র/ভেন্যু হিসেবে ব্যবহার করা যাবে না।***

### ৮. বিশেষ নির্দেশনাবলী ঃ

৮.১ এক জন পরীক্ষার্থীর জন্য মূল পর্বের একটি মাত্র হাজিরা সিট ব্যবহার করতে হবে (ঐ পরীক্ষার্থীর মূল পর্বের তাত্বিক, ব্যবহারিক ও অন্য পর্বের যে কোন বিষয়(যদি থাকে) একই হাজিরা সিটে লিখতে হবে)। পরিপূরক বিষয়ে জন্য আলাদা হাজিরা সিট ব্যবহার করার প্রয়োজন নেই। অনুপস্থিত পরীক্ষার্থীদের হাজিরা সিট তৈরি করতে হবে। ( নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে হবে)।

৮.৩ ফরম পূরনকৃত সকল শিক্ষার্থীর হাজিরা সিটের সকল কলাম পূরন করতে হবে এবং তা পরীক্ষা শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষন করতে হবে।

৮.৪ অন-লাইনে বোর্ডে প্রেরিত যে কোন তথ্যের ফটোকপি/হাজিরা সিটের ফটোকপি প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করতে হবে, যাতে বোর্ডের যে কোন প্রয়োজনে তাৎক্ষণিক ভাবে পাওয়া যায়।

৮.৫ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে লিখিত ভাবে অধ্যক্ষের মাধ্যমে প্রবেশ পত্র সহ বোর্ডে কৃষি/টেক্সটাইল শাখায় (৬ষ্ঠ তলা) আবেদন জমা দিতে হবে।

৮.৬ নির্ধারিত তারিখে অনুষ্ঠিত সকালের পরীক্ষার উত্তরপত্র ও লিথো (১ম অংশ) ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে। এ ব্যাপারে পোষ্ট অফিসকে পূর্ব হতে চিঠি দিয়ে অবহিত করতে হবে। উত্তরপত্র পাঠানোর এ নির্দেশ না মানা হলে পরবর্তীতে পরীক্ষার কেন্দ্র বাতিল বলে গণ্য হবে এ ব্যাপারে কোন নোটিশ দেয়া হবে না। উত্তর পত্রের প্যাকেট এর কাপড় অবশ্যই সবুজ কালার হতে হবে।

**৮.৭ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি যেমন-উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র এবং অন-লাইনে বোর্ডে প্রেরিত সকল তথ্যের হার্ড কপি পরীক্ষা সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্ধত্ত বিবরণীসহ একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না। উল্লেখ্য, উক্ত বিষয়ের প্রতিদিনের হিসাব একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে।**

৮.৮ বহিস্কৃত প্রতি পরীক্ষার্থীর জন্য সংযোজনী-ক ফরম নং ০১ ও সংযোজনী-গ ফরম নং ০৩ পূরণ করে **বহিস্কৃত প্রতি উত্তর পত্রে সংগে স্টেপলার করে দিতে হবে ।** ***বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তর পত্রের লিথো কোডের ১ম অংশ ছেড়া যাবে না।*** প্রতিবেদনসহ একই দিনে উত্তরপত্র আলাদা প্যাকেটে ডাক যোগে পাঠাতে হবে। বহিস্কৃত উত্তর পত্রে মন্তব্যসহ হল পরিদর্শক, হল সুপার ও কেন্দ্র সচিবের স্বাক্ষর থাকতে হবে।

৮.৯ *উত্তরপত্রের সাথে কোন শিরোনাম পত্র বা কোন তথ্য সন্নিবেশিত করা যাবে না। শুধুমাত্র বান্ডিল লেভেল ব্যবহার করতে হবে এর ব্যতিক্রম বাঞ্ছনীয় নয়। লিথো টপ (১ম অংশ) এর সাথে বিষয়ের শিরোনাম পত্র অবশ্যই দিতে হবে।* ৪র্থ পর্ব, ৬ষ্ঠ পর্ব, ৫ম পর্ব ও ৭ম পর্বের নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষার্থীদের লিথো খাতায় পরীক্ষা নিতে হবে(উত্তরপত্র বোর্ড মূল্যায়ন করবে) । পরীক্ষা সমাপ্তির সাথে সাথে উত্তারপত্রের লিথোর (১ম অংশ) বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে বক্স এর ভিতর প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে প্যাকেট করতে হবে । পরে লিথোর বক্স ও উত্তরপত্র প্যাকেট করে সবুজ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) বরাবর বোর্ডে প্রেরণ করতে হবে। বিঃদ্রঃ লিথোর টপ (১ম অংশ) আলাদা প্যাকেটে প্রেরন করা যাবে।

৮.১০ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসিটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকতে হবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/অনুপস্থিত লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেও ভুলক্রমে অনুপস্থিত লিখলে অনুত্তীর্ণ ধরা হবে।

৮.১১ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট এর হার্ড কপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ পরিশোধের প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

৮.১২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমান সংরক্ষন করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।

৮.১৩ ডিপ্লোমা ইন কৃষি/ফিসারিজ শিক্ষাক্রমের অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান ২০১১ ভুক্ত সিলেবাসে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের আচরণ ভিত্তিক পাঠ্যসূচি ও মান বন্টন অনুযায়ী ১ম ও ৩য় পর্ব বিষয়সমূহের পরীক্ষা লিখুবিহীন উত্তরপত্রে দিতে হবে এবং উত্তরপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন করে ফলাফল প্রকাশ করতে হবে ।

৮.১৪ শিক্ষকের তালিকায় পুরাতন/অভিজ্ঞ শিক্ষকের নাম তালিকায় অর্ন্তভুক্ত করে বোর্ডের ওয়েব সাইটে অন-লাইনে এন্ট্রি করার পর প্রবেশ পত্র ও মালমাল গ্রহণের সময় শিক্ষকদের নামের তালিকার হার্ড কপি কৃষি ডিপ্লোমা শাখায় জমা দিতে হবে।

**বিঃদ্রঃ ফরম পূরনের সময় Online এ ছক (১) বর্ণিত তারিখ অনুযায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। Online এ ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন ১. ০১৮৭৬৩৯৭১৩৮ ২. ০১৫৫০৬২০৬০৪ ।**

(ড. প্রকৌ: সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

*স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৩.২৩.০০১.১৮-৯৪(৩২০)* *তারিখ ঃ ০৪-১১-২০১৮খ্রিঃ*

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হল ঃ

১। সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৪। মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৫। মহা পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭। পরিচালক (প্রশিক্ষণ উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
৮। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রাণি সম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৯-১২। সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরিদর্শক/পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩-১৯৭। অধ্যক্ষ/কেন্দ্র সচিব ..................................................................।
(জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে ভেন্যু প্রতিষ্ঠানের অফিস আদেশসহ প্রবেশপত্র, ফরম ফিলাপের সাথে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হ'ল।
১৯৮। প্রকল্প পরিচালক (ফিসারীজ ডিপ্লোমা বাস্তবায়ন প্রকল্প), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৯৯-২৫০। জেলা প্রশাসক ..........................................................
(সঠিকভাবে পরীক্ষা গ্রহনের নিমিত্ত সুবিধাজনক যে কোন (বিএম/হাইস্কুল/ভোকঃ/মাদ্রাসা/কলেজ) প্রতিষ্ঠানে ভেন্যু করে অত্র বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।)
২৫১। উপ-পরিচালক (প্রশিক্ষণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর , খামারবাড়ী, ঢাকা।
২৫২-২৫৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(গোপনীয়) ,কারিকুলাম বিশেষজ্ঞ-(কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৫৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচার/অন-লাইনে **০৮/১১/২০১৮ খ্রিঃ** তারিখে ছাত্র/ ছাত্রী নামের তালিকা (Probabal List) দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো এবং ০৭-১২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রবেশ পত্র প্রিন্ট করে টেক্সটাইল শাখায় হস্তান্তরের ব্যবস্থা করতে হবে। তাছাড়া **৩১/০১/১৯ খ্রিঃ হতে ০৫/০২/১৯পর্যন্ত ১ম ও ৩য় পর্বের GPA** এবং **৩১/০১/১৯ খ্রিঃ হতে ১০/০২/১৯ পর্যন্ত PF** নম্বর অন লাইনে গ্রহনের ব্যবস্থা নিতে হবে)।
২৫৫-৩১৫। উপজেলা নির্বাহী অফিসার..................................................................।
৩১৬-৩১৭। প্রেস ম্যানেজার/ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উত্তরপত্র ও অন্যান্য সকল মালামাল সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেস ম্যানেজারকে অনুরোধ জানানো হলো)।
৩১৮। সহকারী হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি অনুযায়ী ব্যাংক ড্রাফট জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
৩১৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩২০। অফিস নথি।

(মোহাম্মদ আলী মিয়া)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সটাইল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৪৮১১০৯৪৯

প্রতিষ্ঠানের কোড নম্বর

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |

বরাবর,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর. ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ ঃ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি)/টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড , ঢাকা।

প্রতিষ্ঠানের নাম ঃ.......................................................................................................................

পোষ্ট ঃ ..................................... উপজেলা ঃ..........................................জেলা ঃ..........................................

বিষয় ঃ ২০১৮ সনের ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক শিক্ষাক্রমের নিয়মিত/অনিয়মিত পরীক্ষার ফি- হিসাব বিবরণী প্রেরণ।

বোর্ডের প্রাপ্ত অংশের পরীক্ষার ফি এর হিসাব বিবরণী প্রেরণের ছক

| ক্রঃ নং | পরীক্ষার প্রকার | | পরীক্ষার ফি | বিলম্ব/ সংযোগ | নম্বর পত্র ফি | সনদ পত্র ফি | টাকা | পরীক্ষার্থীর সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ১ম পর্ব নিয়মিত | কৃষি | ২২৫/- | --- | -- | -- | ২২৫/- | X = | |
| | | মৎস্য | ২২৫/- | --- | -- | -- | ২২৫/- | X = | |
| | | | ২২৫/- | --- | -- | -- | ২২৫/- | X = | |
| ২ | ৩য় পর্ব নিয়মিত | কৃষি | ২২৫/- | --- | -- | -- | ২২৫/- | X = | |
| | | মৎস্য | ২২৫/- | --- | -- | -- | ২২৫/- | X = | |
| | | লাইভ স্টক | ২২৫/- | --- | -- | -- | ২২৫/- | X = | |
| ৩ | ৫ম পর্ব নিয়মিত | কৃষি | ৪০০/- | --- | ৭৫/- | --- | ৪৭৫/- | X = | |
| | | মৎস্য | ৪০০/- | --- | ৭৫/- | --- | ৪৭৫/- | X = | |
| | ৪র্থ পর্বে অনিয়মিত প্রতি বিষয়ে X ১০০ নম্বর পত্র ফি প্রতি পর্বে ৭৫/-হারে | | ১০০/- | | ৭৫/- | | ১৭৫/- | X | |
| ৪ | ৭ম পর্ব নিয়মিত | কৃষি | ৪০০/- | --- | ৭৫/- | --- | ৪৭৫/- | X = | |
| | | মৎস্য | ৪০০/- | --- | ৭৫/- | --- | ৪৭৫/- | X = | |
| | ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বে অনিয়মিত প্রতি বিষয়ে X ১০০/- নম্বর পত্র ফি প্রতি পর্বে ৭৫/-হারে | | ১০০/- | | ৭৫/- | | ১৭৫/- | X | |
| ৫ | ৮ম পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে ৪র্থ হতে ৭ম পর্ব এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ৪০০/- এবং নম্বর পত্র প্রতি পর্বে ৭৫/- করে হারে | কৃষি | ৪০০/- | --- | ৭৫/- | ১০০/- | ৫৭৫/- | X = | |
| | | মৎস্য | ৪০০/- | --- | ৭৫/- | ১০০/- | ৫৭৫/- | X = | |
| ৬ | বিলম্ব ফি / সংযোগ রক্ষাকারী ফি ৩০০/- হারে (যদি থাকে) | | | ৩০০/- | - | - | ৩০০/- | X = | |
| | (কথায়...............................................................................................) | | | | | | | সর্বমোটঃ | |

ব্যাংক ড্রাফটের বিবরণ ঃ

| ক্রমিক নং | ব্যাংক নাম ও শাখা | ব্যাংক ড্রাফটের নং | তারিখ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

(কথায়...............................................................................................)

মোবাইল নম্বর (অধ্যক্ষ)...................................

অধ্যক্ষের স্বাক্ষর ও সিল

কেন্দ্র/প্রতিষ্ঠানের কোড নম্বর

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |

## উত্তরপত্র/পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের চাহিদা ফরম

কেন্দ্র/প্রতিষ্ঠানের নাম ঃ.................................................................................................................................

পোষ্ট ঃ ..................................... উপজেলা ঃ...........................................জেলা ঃ...................................

বরাবর,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,আগারগাঁও, শেরেবাংলা নগর.ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ ঃ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (৬ষ্ঠতলা), ঢাকা-১২০৭।

২০১৮ সালের ডিসেম্বর ও জানুয়ারি'২০১৯ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন এগ্রিকালচার/ফিসারিজ/লাইভস্টক পর্ব সমাপনী পরীক্ষা জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল ঃ

| পরীক্ষার নাম | পর্ব | মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত) | লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা | মোট উত্তরপত্রের সংখ্যা (সাধারণ) | পরীক্ষার নাম | পর্ব | মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত) | লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা | মোট উত্তরপত্রের সংখ্যা (লিথো) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিপ্লোমা ইন এগ্রিকালচার / ফিসারিজ/ লাইভস্টক | ১ম | X | = | | ডিপ্লোমা -ইন- এগ্রিকারচার/ ডিপ্লোমা -ইন- ফিসারিজ | ৫ম | X | = | |
| | | X | = | | | | X | = | |
| | ৩য় | X | = | | | ৭ম | X | = | |
| | | X | = | | | | X | = | |
| | | X | = | | রেফার্ড | | X | = | |
| | | | | | | | X | = | |
| মোটঃ | | | | | মোট | | | | |
| সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা | | | | | সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা | | | | |

বিঃদ্রঃ ৪র্থ পর্ব থেকে ৭ম পর্ব পর্যন্ত রেফার্ড/অকৃতকার্য বিষয়ের সকল পরীক্ষা লিথো খাতায় দিতে হবে।

| বিবরণ | কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদ মালাসালের পরিমান | বর্তমান চাহিদা | সর্ব মোট চাহিদা |
|---|---|---|---|
| উত্তরপত্র লিথো (মোট উত্তরপত্র+২%) | | | |
| উত্তরপত্র সাধারণ (মোট উত্তরপত্র+২%) | | | |
| অতিরিক্ত উত্তরপত্র (লিথো) | | | |
| অতিরিক্ত উত্তরপত্র (সাধারণ) | | | |
| শিরোনামপত্র (বিষয় X পরীক্ষার্থী X ৪) | | | |
| করোগেটের সীট (মোট পরীক্ষার্থী X ২)৫০ | | | |
| ডেসপাস ফরম | | | |
| অবগতি ফরম | | | |
| বক্স (মোট পরীক্ষার্থী X ১)/২০০ | | | |
| হাজিরা সীট (মোট পরীক্ষার্থী X ১) | | | |
| বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী / ৫০) | | | |
| সনদ/নম্বরপত্র উত্তোলনের ফরম | | | |
| বহিস্কৃত ফরম নং সংযোজনী-ক-১,খ-২,গ-৩ | | | |
| অনুপস্থিতি পরীক্ষার্থীর ICR ফরম | | | |

প্রতিষ্ঠানের ফোন/মোবাইল নম্বর ঃ

.......................................

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল মোহর